

## গণ বিজ্ঞপ্তি

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০১.১৩.০০৮.২০২৩- ১০৩২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ


গণ-প্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি সুরাইয়া জাহান, জেলা প্রশাসক, লক্ষ্মীপুর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচী ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার- শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার- শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোট গ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারী ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারী ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ২৭৭ লক্ষ্মীপুর-৪ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামগতি, লক্ষ্মীপুর) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ ১৫ দিন ১১ মাস ২০২৩ বৎসর

  
(সুরাইয়া জাহান)  
জেলা প্রশাসক, লক্ষ্মীপুর

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
২৭৭ লক্ষ্মীপুর-৪

ফোন- ০২৩৩৪৪৪১৪১০


dclakshmipur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৫১০০.০০১.০২.০০১.২০২৩-১০৩২

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক(গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
- ০৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষন ইনস্টিটিউট, ঢাকা
- ০৬। পুলিশ সুপার, লক্ষ্মীপুর
- ০৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৮। অধিনায়ক, বিজিবি-৪, ফেনী
- ০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর
- ১০। জেলা নির্বাচন অফিসার, লক্ষ্মীপুর
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর ও সহকারী রিটার্নিং অফিসার ২৭৭ লক্ষ্মীপুর-৪
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর ও সহকারী রিটার্নিং অফিসার ২৭৭ লক্ষ্মীপুর-৪
- ১৩। কোম্পানী কমান্ডার, র্যাব-১১, সিপিসি-৩, নোয়াখালী
- ১৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লক্ষ্মীপুর
- ১৫। জেলা তথ্য অফিসার, লক্ষ্মীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)
- ১৬। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা  
(প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৭। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব,  
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৮। উপজেলা নির্বাচন কর্মকর্তা, কমলনগর/রামগতি, লক্ষ্মীপুর
- ১৯। অফিসার ইনচার্জ কমলনগর/রামগতি থানা, লক্ষ্মীপুর
- ২০। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, লক্ষ্মীপুর (জনস্বার্থে বিনামূল্যে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ২১। অফিস নোটিশ বোর্ড

  
১৫/১১/২০২৩  
(সুরাইয়া জাহান)

জেলা প্রশাসক, লক্ষ্মীপুর

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
২৭৭ লক্ষ্মীপুর-৪